383

ভোরের কাগজ

তারিখ JAN 12 1999
পৃষ্ঠা ৪ কলাম ৩

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে

এশিয়া মহাদেশের ভিতর কৃষি শিক্ষার সর্বোচ্চ বিদ্যাপীঠ 'বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়'। প্রতিষ্ঠাকাল ১৯৬১ সাল। সেই থেকেই এর খ্যাতি বিশ্বব্যাপী। শিক্ষক হিসেবে কর্মরত আছেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কৃষিবিজ্ঞানীরা। তাদেরই হাতে গড়া দক্ষ কৃষিবিদরা বাংলাদেশকে স্বনির্ভর করার জন্য উদ্ভাবন করছেন পশু-পাখির অধিক উৎপাদনক্ষম জাত, উন্নতমানের মাছ এবং উচ্চফলনশীল ধান, গম, আলু, ডাল ইত্যাদি। জনসমাজে বিশ্ববিদ্যালয়টি আজ তাই সমাদৃত। অথচ পেপার, পত্রিকায় আর বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের নাম সঠিকভাবে প্রকাশ এবং বলা হচ্ছে না।

খবরের কাগজ খুলতেই বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পরিবর্তে ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় বা কৃষি বিশ্ববিদ্যালয় দেখি। জানি না ইচ্ছাকৃতভাবে না অনিচ্ছাকৃতভাবে এসব নাম প্রকাশ করা বা বলা হচ্ছে কিনা। যেভাবেই হোক, বিকৃত নাম প্রকাশ এবং বলার অজ্ঞতারই পরিচয় বহন করে। তাই বিকৃত নাম প্রকাশ এবং বলা থেকে বিরত থাকার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করছি।

ডা. নির্ঝর ধর
২৪৪/ডি, হোঃ শঃ সোহরাওয়ার্দী হল
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।
ময়মনসিংহ।